

নিরাপত্তা বিষয়ে পুলিশের সাথে বাংলাদেশ এসোসিয়েশনের মতবিনিময়

কায়সার আহমেদ: ইস্টলেইকস পাবলিক স্কুল মিলনায়তনে ১৭ই জুন ২০০৭ রোববার বিকেল পাঁচটায় বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়ার নবনির্বাচিত সভাপতি গামা আব্দুল কাদিরের সভাপতিত্বে নিরাপত্তা জনিত বিষয় নিয়ে পূর্বাঞ্চলীয় পুলিশ কমান্ডারের সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।



সভায় পুলিশ কমান্ডারের পক্ষ থেকে প্রতিনিধিত্ব করেন ক্রাইম প্রিভেন্সন অফিসার মিস টায়া বেলী। এছাড়াও বাংলাদেশী সমাজের সর্বস্তরের নেতৃবৃন্দ সহ প্রচুর বাংলাদেশী সভায় উপস্থিত ছিলেন।

সভার শুরুতে স্বাগত বক্তব্য রাখেন বিদায়ী সভাপতি ফারুক আহমেদ খান। তিনি পুলিশের সাথে বাংলাদেশ এসোসিয়েশনের আয়োজিত মতবিনিময় সভার শুরুত্ব সবার নিকট তুলে ধরেন এবং আজকের সভায় উপস্থিত হবার জন্য পুলিশ প্রতিনিধিকে ধন্যবাদ জানান।

অতঃপর সভাপতি গামা কাদির তার সংক্ষিপ্ত বক্তব্য রাখেন এবং পরবর্তী পর্ব পরিচালনার জন্য পুলিশ প্রতিনিধি মিস বেলীকে আহ্বান জানান। শুরুতেই মিস বেলী সামাজিক নিরাপত্তার বিষয়ে আলোচনার জন্য পুলিশ কমান্ডারের আহ্বান গ্রহণ করে এ সভা আয়োজনের জন্য তিনি বাংলাদেশ এসোসিয়েশন কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। তিনি নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ প্রদান করে উপস্থিত বাংলাদেশীদের নিকট থেকে পরামর্শ আহ্বান করেন এবং তাদের অভিজ্ঞতা বর্ণনার জন্য অনুরোধ জানান।

পুলিশ প্রতিনিধির আহ্বানের সাড়া দিয়ে উপস্থিত বাংলাদেশীরা তাদের বিভিন্ন সমস্যা এবং বিভিন্ন সময়ে আক্রান্ত হবার ঘটনা বিস্তারিত তুলে ধরেন এবং বিভিন্ন ভাবে পুলিশের সহযোগিতা কামনা করেন।

মিস নেলী অতি ধৈর্য্য সহকারে সকলের বক্তব্য শুনেন এবং নিরাপত্তা জনিত বিষয়গুলো তিনি তার উদ্বৃত্ত কর্তৃপক্ষের নিকট তুলে ধরার প্রতিশ্রূতি প্রদান করেন।

সভার শেষ পর্বে ছিল এসোসিয়েশনের বার্ষিক ইনডোর ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরন। সভাপতি গামা কাদিরের আহ্বানে পুরস্কার বিতরন করেন প্রতিষ্ঠাতা সদস্য ও প্রাক্তন সভাপতি ড. এএফ রহমান। এই পর্বটি পরিচালনা করেন ক্রীড়া সম্পাদক কাউন্সিল। সভাপতির ধন্যবাদ বক্তব্যের মধ্য দিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।